



৮ বছরেও শুরু হয়নি মেহেরপুর নার্সিং ইনস্টিটিউটের কাজ

প্রকাশিত: ১৯ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

সংবাদদাতা, মেহেরপুর, ১৮ মার্চ ॥ জমি বরাদ্দ ও সাইনবোর্ড ঝোলানোর ৮ বছর পরও মেহেরপুরে নির্মাণ হয়নি সরকারী নার্সিং ইনস্টিটিউট। অতিরিক্ত অর্থ ব্যয়ে বেসরকারী প্রতিষ্ঠানে পড়তে গিয়ে বিপাকে পড়ছে শিক্ষার্থীরা। এদিকে স্বাস্থ্য বিভাগ বলছে, সরকারী নার্সিং ইনস্টিটিউট নির্মাণ হলে শিক্ষার্থীরা উপকৃত হওয়ার পাশাপাশি মান বাড়বে স্বাস্থ্যসেবার। কুষ্টিয়া-মেহেরপুর সড়কের মেহেরপুর জেনারেল হাসপাতালের পাশে ২০০৯ সালে তিন একর জমি বরাদ্দ নিয়ে সাইনবোর্ড টাঙানো হয় সরকারী নার্সিং ইনস্টিটিউটের। জমি বরাদ্দ নেয়ার পেরিয়ে গেছে ৮টি বছর কিন্তু এর নির্মাণ কাজ শুরু হয়নি আজও। যথেষ্ট ব্যবহার হচ্ছে বরাদ্দকৃত জমি, স্থানীয়রা আবাদ করছে ফসল। এদিকে নার্সিং ইনস্টিটিউটের কার্যক্রম আজও শুরু না হওয়ায় হতাশা বিরাজ করছে শিক্ষার্থী ও এলাকাবাসীদের মাঝে।

বেসরকারী নার্সিং ইনস্টিটিউটে পড়া শিক্ষার্থী আলমগীর হোসেন, রাবেয়া সুলতানাসহ আরও অনেক শিক্ষার্থী জানান, কুসংস্কার ভেঙে নার্সিং পেশায় মেয়েদের পাশাপাশি এগিয়ে আসছে ছেলেরাও। বেসরকারী প্রতিষ্ঠানে পড়তে গিয়ে বাড়তি অর্থ গুনতে হচ্ছে শিক্ষার্থীদের ফলে আগ্রহ থাকলেও অনেক শিক্ষার্থীই পড়তে পারছে না নার্সিং। দ্রুত নার্সিং ইনস্টিটিউট নির্মাণের দাবি তাদের।

মেহেরপুর শহরের বাসিন্দা রাহিনুজ্জামান পোলেনসহ স্থানীয়রা বলেন, বছরের পর বছর ভেঙে পড়ে সাইনবোর্ড আবারও নতুন করে টাঙানো হয়, কিন্তু শুরু হচ্ছে না ইনস্টিটিউটের কাজ। ইনস্টিটিউটটি নির্মাণ হলে স্বাস্থ্যসেবার পাশাপাশি আর্থনৈতিকভাবেও পরিবর্তন ঘটবে। মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার (আর.এম.ও) এহসানুল কবীর জানান, রোগীদের সেবা দেয়ার ক্ষেত্রে ডাক্তারের পাশাপাশি সেবিকার ভূমিকা থাকে যথেষ্ট। একজন রোগীকে মানসিকভাবে সুস্থ করে তোলার জন্য একজন দক্ষ সেবিকা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে বলে। এদিকে জেলা সিভিল সার্জন ডাঃ জি কে এম শামসুজ্জামান জানান, অল্প সময়ের মধ্যেই নার্সিং ইনস্টিটিউটের নির্মাণ কাজ শুরু হবে। এটি নির্মাণ হলে শিক্ষার্থীরা উপকৃত হওয়ার পাশাপাশি স্বাস্থ্যসেবারও মান বাড়বে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com